

ঢাকায় হয়ে গেলো ওয়েব হোস্টিং ইন্ডাস্ট্রি সামিট

স্পেশাল করেসপন্ডেন্ট | বাংলাদেশউজটোয়েন্টিফোর.কম | আপডেট: ২০১৭-০৮-২৯ ১০:৪২:২৯ এএম



ছবি: বাংলাদেশউজটোয়েন্টিফোর.কম

ঢাকা: দেশের অন্যতম হোস্টিং কোম্পানি আলফা নেটের উদ্যোগে ওয়েব হোস্টিং ইন্ডাস্ট্রি সামিট ২০১৭ অনুষ্ঠিত হয়েছে।

সম্প্রতি রাজধানীর একটি অভিজাত হোটেলে এ সামিট অনুষ্ঠিত হয়। এক প্রেস বিজ্ঞপ্তিতে এ তথ্য জানিয়েছে আলফা নেট। বাংলাদেশে ওয়েবহোস্টিংয়ের সার্বিক উন্নতির লক্ষ্যে এই অনুষ্ঠানটির অয়োজন করা হয়।

অনুষ্ঠানে উল্লেখযোগ্য অংশগ্রহনকারী কোম্পানিগুলো হলো- সময় নেট, সলো সিটি, ওয়েব হোস্ট বিডি, ঢাকা ওয়েব হোস্ট বিডি, সফট ওয়ে আইটিসহ আরও কয়েকটি কোম্পানি।

এছাড়া বাংলাদেশ ডোমেইন হোস্টিং সার্ভিস প্রোভাইডার অ্যাসোসিয়েশনের ভাইস প্রেসিডেন্ট, সেক্রেটারিসহ অন্যান্য সদস্যরাও এতে অংশ নেন।

আলফা নেটের প্রতিষ্ঠাতা আবু সুফিয়ান হায়দার যুক্তরাষ্ট্র থেকে বাংলাদেশে এসে এই সামিটে অংশগ্রহণ করেন। অনুষ্ঠানে উদ্বোধনী বক্তব্য দেন প্রতিষ্ঠানটির প্রধান নির্বাহী কর্মকর্তা মো. একরামুল হায়দার।

অন্যদের মধ্যে বক্তব্য দেন- সময় নেটের প্রতিষ্ঠাতা ফরিদ আহমেদ, সলো সিটির আতিকুল্লা সাঈদ, ওয়েব হোস্ট বিডির মো.মেহেদী, ঢাকা ওয়েব হোস্ট বিডির মো. শফিকুর রহমান, সফট ওয়ে আইটির আরিফুল ইসলাম প্রমুখ।

সামিটে বাংলাদেশের ওয়েব হোস্টিং ইন্ডাস্ট্রির বিবিধ সমস্যা ও সম্ভাব্য সমাধানের বিষয়ে কথা বলেন বিভিন্ন হোস্টিং কোম্পানির প্রধানরা।

আলফা নেটের প্রতিষ্ঠাতা ও আমেরিকায় আলফা নেটের হোস্টিং অবকাঠামোর পরিচালক আবু সুফিয়ান বলেন, ওয়েবহোস্টিংয়ের সামগ্রিক মানের উন্নয়নের স্বার্থে বাংলাদেশের অন্যতম হোস্টিং প্রতিষ্ঠান গুলোকে পারস্পরিক প্রতিদ্বন্দ্বী হিসেবে না দেখে সহযোগী হিসেবে দেখতে হবে।

বাংলাদেশ সময়: ১০৩৬ ঘণ্টা, আগস্ট ২৯, ২০১৭

ইএস/এমএ

ফোন: +৮৮০ ২ ৮৪৩ ২১৮১, +৮৮০ ২ ৮৪৩ ২১৮২ আই.পি. ফোন: +৮৮০ ৯৬১ ২১২ ৩১৩১ নিউজ রুম মোবাইল: +৮৮০ ১৭২ ৯০৭ ৬৯৯৬, +৮৮০ ১৭২ ৯০৭ ৬৯৯৯ ফ্যাক্স: +৮৮০ ২ ৮৪৩ ২৩৪৬

ইমেইল: news24.banglanews@gmail.com (<mailto:news24.banglanews@gmail.com>), news.bn24@gmail.com (<mailto:news.bn24@gmail.com>), banglanews.digital@gmail.com (<mailto:banglanews.digital@gmail.com>) এডিটর-ইন-চিফ ইমেইল: editor.banglanews@gmail.com (<mailto:editor.banglanews@gmail.com>)

বাংলানিউজটোয়েন্টিফোর.কম (<http://www.banglanews24.com>) | এডিটর-ইন-চিফ: আলমগীর হোসেন

কপিরাইট © 2017-09-08 17:34:35 | একটি ইডব্লিউএমজিএল প্রতিষ্ঠান